সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জানুয়ারি-মার্চ, ২০২৩ ত্রৈমাসিক সভার (২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক। |
| তারিখ | : | ২৯ মার্চ, ২০২৩ |
| স্থান | : | কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক'। |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জানুয়ারি-মার্চ, ২০২৩ ত্রৈমাসিকের ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় সভা ২৯ মার্চ, ২০২৩ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংশ্লিষ্ট ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার এবং অন্যান্য নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

২.০০: সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সঞ্চালককে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব বীথি আক্তার আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সোনালী ব্যাংক লিমিটেডের ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে অন্যান্য কার্যক্রম বিষয়ে এ ব্যাংকের গৃহীত পদক্ষেপ, করণীয় ও বিগত ২য় কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অর্জিত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরেন।

৩.০০: সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ প্রাপ্তিতে সভাপতিকে শুভেচ্ছা জানানো হয়। তিনি এজন্য ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদেরকে ধন্যবাদ জানান। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন। স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে শুদ্ধাচার চর্চাকে বেগবান করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৪.০০: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে গৃহীত পদক্ষেপ, করণীয়, অর্জিত অগ্রগতি সংক্রান্ত ও শুদ্ধাচার কর্ম-পরিকলনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

(৪.১) সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

(৪.২) সোনালী ব্যাংক স্টাফ কলেজ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে এ কোয়ার্টারে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে কমিটি অবহিত হয়। এ ব্যাংকের সম্মানিত পরিচালক জনাব এ, বি, এম, রুহুল আজাদ এ প্রশিক্ষণ পরিচালনা প্রদান করেন।

(৪.৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, শুদ্ধাচার শাখা কর্তৃক ২৫/১০/২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ স্মারক অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ ক্রমিকের বিষয়ে গৃহীত চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী এ ব্যাংকের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,২০২২-২০২৩ এ প্রয়োজনীয় পরিবর্তন আনয়ন করা হয়েছে মর্মে কমিটি অবহিত হয়।

(৪.৪) এ ব্যাংকের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

(৪.৫) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২২ মার্চ ২০২৩ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা এর অধীনে কয়েকটি শাখায় গ্রাহকের অংশগ্রহণের মাধ্যমে সভার অনুষ্ঠিত হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়। একইসাথে শুদ্ধাচার বিষয়ে গৃহীত কার্যক্রমের ওপর ফিডব্যাক প্রদান করা হয়।

(৪.৬) বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এবং ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ ২৮.০৫.২০১৫ এর নির্দেশনা অনুসারে ব্যাংকিং সময়সূচির পরে কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে মহিলা কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকে অবস্থানের জন্য বাধ্য করা যাবে না এবং এতদবিষয়ে উল্লিখিত বিআরপিডি সার্কুলার লেটার অনুসরণ এর বিষয়ে সভায় যথাযথভাবে অনুসরণের বিষয়ে কমিটি পুনরায় সিদ্ধান্ত প্রদান করেন।

৫.০০: নৈতিকতা কমিটির সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৫.১) সোনালী ব্যাংক স্টাফ কলেজসহ প্রধান কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল (এনআইএস) ও APA বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়সমূহের ওপর প্রতি কোয়ার্টারে স্টাফ কলেজে বা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃক প্রশিক্ষণ অব্যাহত রাখা এবং প্রযোজ্য ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বা বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে দায়িত্বরত কর্মকর্তাদের এ সংক্রান্ত প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো;

(৫.২) কর্ম-পরিবেশ উন্নয়ন করা বিশেষত অকেজো গাড়ি ডিসপোজাল, অফিসে জীবাণুনাশক ছিটানো, নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, প্রধান কার্যালয়ে নারীদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা, ফায়ার সেফটি নিশ্চিতকরণ কার্যক্রম অব্যাহত রাখার এবং কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সম্পাদিত কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারে প্রেরণ করা;

(৫.৩) সভায় ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;

(৫.৪) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৫/০৯/২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪ অনুযায়ী 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২২-২০২৩' প্রদানের জন্য পর্ষদে স্মারক উপস্থাপন;

(৫.৫) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে প্রতি কোয়ার্টারে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখা;

(৫.৬) বিআরপিডি সার্কুলার লেটার-২০, তারিখ: ১৫/৯/২০১৯ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ১০/১০/২০১৯ মোতাবেক অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে চূড়ান্তভাবে বরখাস্ত (Dismissal) করা কর্মকর্তার শাস্তিমূলক ব্যবস্থার তথ্যাদি যথাযথভাবে CMMS-এ এন্ট্রি প্রদান;

(৫.৭) মাঠ পর্যায়ে জিএম অফিসসমূহকে শুদ্ধাচার চর্চা জোরদার করার জন্য নিয়মিতভাবে ব্যবসায়িক মত বিনিময় সভাসহ সময়ে সময়ে ঘোষিত বিভিন্ন কর্মসূচি / সেবা সপ্তাহ যথাযথভাবে পালন; এবং

(৫.৮) মাঠ পর্যায়ে শাখাসমূহে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শন।

(৫.৯) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা'র 'শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম' ৩.৪নং ক্রমিকের "শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত ছড়ায় ছড়ায় শুদ্ধাচার বই হতে ছড়া জাতীয় দৈনিকে বিজ্ঞাপন প্রচার" এর পরিবর্তে "৩.৪ E-Desk সফটওয়ারের মাধ্যমে শাখা পর্যায়ে সেবা সহজীকরণ" অন্তর্ভুক্তকরণ।

৬.০০: সোনালী ব্যাংক লিমিটেড এর শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নিম্নোক্ত ৪টি বিশেষ উদ্যোগ (যথা:Sonali e-Wallet মোবাইল অ্যাপের মাধ্যমে বিদেশ থেকে প্রবাসীগণ কর্তৃক লেনদেন; সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাব খোলা; পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পেমেন্ট পদ্ধতি সহজীকরণ; DDP Payment Systemঅটোমেশন) এর তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে।

৭.০০: নৈতিকতা কমিটি কর্তৃক শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নিম্নোক্ত ৩টি কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয় :

(১) দ্বৈত নাগরিকত্ব প্রাপ্ত এবং স্পেন গমনেচ্ছুদের পুলিশ ক্লিয়ারেন্সের ফি অনলাইনে আদায় :
দ্বৈত নাগরিকত্ব প্রাপ্ত এবং স্পেন গমনেচ্ছুদের পুলিশ ক্লিয়ারেন্সের ফি অনলাইনে আদায়ের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তির ফলে সুরক্ষা সেবা বিভাগ বাস্তবায়নাধীন অনলাইন সফটওয়ারের মাধ্যমে দ্বৈত নাগরিকত্ব এবং স্পেন গমনেচ্ছুদের পুলিশ ক্লিয়ারেন্সের জন্য দেশ ও বিদেশ থেকে বাংলাদেশিরা অনলাইনে আবেদনের সময় সরকার কর্তৃক নির্ধারিত ফি-চার্জ সোনালী ব্যাংকের নিজস্ব গেটওয়ে সোনালী পেমেন্ট গেটওয়ে'র মাধ্যমে পরিশোধ করতে পারবে।

(২) ১৮টি শাখায় মডেল শাখা উদ্বোধন :
গ্রাহক সেবার মান উন্নয়ন, রপ্তানিকারকদের আকৃষ্টকরণ ও ব্যাংক ব্যবসার সার্বিক পরিধি বৃদ্ধিসহ সামগ্রিক ব্যাংকিং সেবা উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে ১৮টি শাখাকে মডেল শাখা হিসেবে ঘোষণা করা হয়েছে।

(৩) কনট্যাক্ট সেল/পয়েন্ট (Contact Cell/Point) গঠন:
সোনালী ব্যাংকে নতুন ঋণ মঞ্জুরি, ঋণ সীমা বর্ধিতকরণ, ঋণ নবায়ন, ঋণ পুনঃতফসিলীকরণ, সুদ মওকুফ, অবলোপন, আদায়, পিআরএল গমনকারীদের পাওনা নিষ্পত্তি, মামলা, ভবন ভাড়া ইত্যাদি বিষয়ে প্রতিবন্ধকতাসমূহ/অনিষ্পন্ন থাকার কারণ চিহ্নিতকরণপূর্বক দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্বাহী/কর্মকর্তাদের সমন্বয়ে একটি কনট্যাক্ট সেল/পয়েন্ট (Contact Cell/Point) গঠন করা হয়েছে।

৮.০০: নৈতিকতা কমিটি কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতাভুক্ত আবশ্যিক কর্মপরিকল্পনাসমূহ সুষ্ঠু বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৫টি ডিভিশনের প্রধানকে কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়:

| | | |
|---|---|---|
| (১) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | : | ডিজিএম, এইচআরডিডি |
| (২) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | : | ডিজিএম, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) |
| (৩) সেবা প্রদান প্রতিশ্রুতি | : | ডিজিএম, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন |
| (৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থা | : | ডিজিএম, ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| (৫) তথ্য অধিকার | : | ডিজিএম, পাবলিক রিলেশন্স ডিভিশন |

৯.০০: পরিশেষে, আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

২২/০৬/২০২৩
(মোঃ আফজাল করিম)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।







সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)
বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির
২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা
(জানুয়ারি-মার্চ, ২০২৩ কোয়ার্টার)
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক।
স্থান : কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ২৯ মার্চ ২০২৩




সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা

( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আফজাল করিম,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১ | সদস্য | |
| ৩ | জনাব সঞ্চিয়া বিনতে আলী,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-২ | আমন্ত্রিত | |
| ৪ | জনাব মীর মোফাজ্জল হোসেন,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৩ | আমন্ত্রিত | |
| ৫ | জনাব সুভাষ চন্দ্র দাস,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৪ | আমন্ত্রিত | |
| ৬ | জনাব কাজী মোঃ ওয়াহিদুল ইসলাম,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৫ | আমন্ত্রিত | |
| ৭ | জনাব পারসুমা আলম,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৬ | আমন্ত্রিত | |
| ৮ | জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO) | সদস্য | |
| ৯ | জনাব মোঃ আবু সাঈদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১০ | জনাব মোঃ বিল্লাল হোসেন,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১১ | জনাব মোঃ রেজাউল করিম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১২ | জনাব তাওহিদুল ইসলাম,<br>কোম্পানি সেক্রেটারি | আমন্ত্রিত | |
| ১৩ | জনাব এ,কে,এম সেলিম আহমেদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১৪ | জনাব মোঃ মনিরুজ্জামান,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |

# সোনালী ব্যাংক লিমিটেড
## প্রধান কার্যালয়, ঢাকা
## হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

### জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত
### প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা
### ( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫ | জনাব মোঃ আলী আশরাফ আবু তাহের,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ১৬ | জনাব মোঃ নূরুন নবী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১৭ | জনাব মোঃ বারেকুজ্জামান,<br>চিফ ল' অফিসার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ১৮ | জনাব মোঃ দেলোয়ার হোসেন,<br>চিফ ইঞ্জিনিয়ার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ১৯ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | 29.03.2023 |
| ২০ | জনাব মোঃ রফিকুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ২১ | জনাব আশরাফুল হায়দার চৌধুরী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ২২ | জনাব কাজী মোঃ মফিজুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 29/03/2023 |
| ২৩ | জনাব মোঃ মিজানুর রহমান মজুমদার,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ২৪ | জনাব বীথি আক্তার,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | 29/03/2023 |
| ২৫ | তুহিন কান্তি হালদার<br>এজিএম, এইচআরডিডি | | 29/03/2023 |
| ২৬ | আবু সালেহ মোঃ মাহফুজ উল্লাহ<br>এজিএম· এইচআরডিডি | | Zobaer<br>29.03.2023 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা

( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | প্রদীপ কুমার পাল<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>রিকনসিলিয়েশন ডিভিশন | | ২৯/০৩/২০২৩ |
| ০২. | মোহঃ আবুল বাশার<br>[illegible] চিফ ইঞ্জিনিয়ার<br>[illegible], প্র:কা: | | ২৯/০৩/২৩ |
| ০৩. | মো: রাজীব উল ইসলাম<br>চীফ সিকিউরিটি অফিসার | | |
| ০৪ | মো: ইসমাইল মজুমদার<br>ডিজিএম, এমসিডি | | |
| ০৫ | [illegible]<br>ডিজিএম [illegible] | | |
| ০৬ | মো: গোলাম রহমান<br>ডিজিএম সিডিডি (লিগ্যাল) | | |
| ০৭ | মোহাম্মদ ইসমাইল<br>[illegible] | | |
| ০৮. | মো: রেজাউল ইসলাম<br>ডিজিএম, EWTD | | |
| ০৯. | মুনমুন মন্ডল, ডিজিএম,<br>ITD (P&M) | | Mandal. |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা

( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | মো: মফিজুল আলম<br>DGM, LRD | | ২৯/৩/২০২৩ |
| ১১ | মো: মজিবুর রহমান<br>HRMD | | |
| ১২ | Ashrafun Nesa<br>DGM, Agent Banking | | 29/03/23 |
| ১৩ | Nizam Uddin Bhuiyan<br>DGM. LRD, Recovery Team | | 29/03/2023 |
| ১৪ | Md. Altaf Hossain<br>DGM LO | | 29/3/23 |
| ১৫ | Md. Saiful Aziz<br>DGM | | 29/3/23 |
| ১৬ | Md: Masudur Rahman<br>DGM | | 29.03.23 |
| ১৭ | Ummekulsum | | |
| ১৮ | Shahanaz Begum<br>DGM, Cards Div. | | 29/03/2023 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা

( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| 19 | MOHD RABIUL ALAM DGM. CEO & MD's Secretariat. | | 29/03/2023 |
| 20 | Md. Ferdous Serniabat DGM, Common Service Division | | 29.03.23 |
| 21 | MD. ATIQUR RAHMAN DGM GASD. | | 29/03/2023 |
| 22 | Lutfur Rahman DGM ML&TFP Div | | 29.3.2023 |
| 23 | Munshi Zahidur Rashid DGM, FRMD | | 29.03.2023 |
| 24. | Md. Zahirul Islam DGM, ITD (BI) | | 29/03/2023 |
| 25 | MD. Khairul Alam DGM, VCMD. | | 29/03/23 |
| 26 | Md. Golam Siddique | | 29/03/2023 |
| 27 | MD. MAROUF HAIDER KHAN, SPO, HRDD | | 29.3.2023 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা

( জানুয়ারি - মার্চ, ২০২৩ কোয়ার্টার )

তারিখ: ২৯ মার্চ, ২০২৩

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৮ | মোঃ মনোয়ার হাসান<br>এসপিও, এইচআরডিডি | | [signature] 29/03/2023 |
| 29 | সুমন কুমার পোদ্দার,<br>অফিসার, এইচআরডিডি | | [signature] 29/03/2023 |
| ৩০ | সেলিনা সিদ্দিকা<br>পিও, এইচআরডিডি | | [signature] 29/3/2023 |
| 31 | মোঃ জোবায়ের হোসেন<br>A P, HRDD | | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

**২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার জানুয়ারি-মার্চ, ২০২৩ ত্রৈমাসিকের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৩য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির সদস্য। |
| বিশেষ অতিথি | : | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট । |
| সভাপতি | : | জনাব মোঃ ফজলুল হক, ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা। |
| প্রধান আলোচক | : | জনাব বীথি আক্তার, ডেপুটি জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। |
| তারিখ | : | ২২ মার্চ, ২০২৩, বুধবার, বিকাল ৪:০০টা। |
| স্থান | : | সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা। |
| উপস্থিতি | : | সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল) এর আওতাধীন বিভিন্ন শাখার গ্রাহকসহ প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তাবৃন্দ (সংলগ্নী-'ক')। |

১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল) এর নিয়ন্ত্রণাধীন নগর ভবন শাখা, রাজউক ভবন শাখা, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম শাখা, কৃষিভবন শাখা ও বায়তুল মোকাররম শাখার সম্মানিত গ্রাহকবৃন্দসহ সভায় উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথি, প্রধান আলোচক, প্রধান কার্যালয় ও তার কার্যালয়ের উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। গ্রাহকসেবা সমুন্নত রাখার জন্য তার কার্যালয়সহ নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের বিভিন্ন কর্মকান্ডের ওপর তিনি আলোকপাত করেন।

২। সভায় প্রধান আলোচক এবং প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট বীথি আক্তার উপস্থিত সকলকে স্বাগত ও কৃতজ্ঞতা জানিয়ে আলোচনা শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রেক্ষাপট ও কার্যক্রম সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। "সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। APA - Annual Performance Agreement বাস্তবায়নের একটি সূচক হচ্ছে এই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন। APA তে মাঠ পর্যায়ের বিভাগীয় অফিস/আঞ্চলিক অফিসসহ সকল শাখাকে টার্গেট দেয়া থাকে, সে agreement অনুযায়ী তারা তাদের কর্ম সম্পাদন বা টার্গেট achieve করে এবং সবার সম্মিলিত প্রচেষ্টায় আমাদের ব্যাংকের এই অর্জন। এই অর্জন ধরে রাখার জন্য আমাদের সকলকে সম্মিলিতভাবে কাজ করে যেতে হবে, যার যার উপর ন্যস্ত দায়িত্ব সঠিক এবং সময়মত পরিপালন করতে হবে।

প্রধান কার্যালয়ে ৫টি কমিটির মাধ্যমে APA তে উল্লেখিত আবশ্যিক কর্ম-পরিকল্পনাসমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে। এর মধ্যে ১টি কমিটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটির দায়িত্ব হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ওপর ন্যস্ত। এই পরিকল্পনার একটি অংশ হচ্ছে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে মতবিনিময় বা আলোচনা সভার আয়োজন করা। তিনি উল্লেখ করেন যে, এ সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা হবে। তিনি উপস্থিত সম্মানিত গ্রাহকদেরকে বর্তমানে সেবা প্রাপ্তির বিষয়ে কোনো সমস্যা, অভিযোগ বা কোনো পরামর্শ থাকলে তা নিঃসংকোচে উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় গ্রাহকদের মধ্য হতে প্রথমে এ ব্যাংকের নগর ভবন শাখা, ঢাকা'র সম্মানিত গ্রাহক ঐশী ইন্টারন্যাশনাল এর স্বত্বাধিকারী জনাব শাহরিয়া কাওছার-কে তাঁর বক্তব্য তুলে ধরার জন্য অনুরোধ করা হয়। সোনালী ব্যাংকের বর্তমানে প্রদত্ত সেবায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি লেনদেনের সুবিধার্থে নগর ভবন বা বঙ্গভবন এলাকায় এটিএম বুথ স্থাপনের অনুরোধ জানান।

একই শাখার সম্মানিত ঋণগ্রহীতা প্রতিষ্ঠান লিজা সুজ এর প্রোপ্রাইটর জনাব মোঃ দেলোয়ার হোসেন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় তাঁর অভিজ্ঞতা উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, ২০০৩ সালে তিন লক্ষ টাকা সিসি (হাইপো) ঋণ গ্রহণের মাধ্যমে ব্যাংকের সাথে তার সম্পর্ক শুরু। বর্তমানে তিনি ২৫ লক্ষ টাকা সিসি (হাইপো) ঋণ সুবিধা নিয়েছেন। তিনি শাখার অবস্থান সম্পর্কে তার মতামত তুলে ধরে উল্লেখ করেন যে, নগর ভবনের দক্ষিণ পাশের গেট নিরাপত্তাজনিত কারণে বন্ধ থাকায় নগদ টাকা উত্তোলন ও জমায় সমস্যা হচ্ছে। এ বিষয়ে শাখার ম্যানেজারের সাথে আলোচনায় জানা যায় যে, নগর ভবনের রাষ্ট্রীয় নিরাপত্তার কারণে ঐ গেইট বন্ধ রাখা হয়। এটি সরকারি সিদ্ধান্ত বিধায় ব্যাংকের পক্ষে এ বিষয়ে পদক্ষেপ নেওয়া আপাতত সম্ভব নয়।

এ সমস্যা সমাধানে ডিএমডি মহোদয় নগদ টাকা লেনদেনের পরিবর্তে সোনালী ব্যাংকের ই-ওয়ালেট অ্যাপস ব্যবহার করে কাস্টমার এবং পাওনাদারদের সাথে লেনদেনের পরামর্শ প্রদান করেন। গ্রাহককে ই-ওয়ালেট সেবার আওতায় নগদ টাকা বহন না করে কিভাবে সকল লেনদেন ই-ওয়ালেট এর মাধ্যমে করতে পারেন সে বিষয়ে সহযোগিতা করতে সংশ্লিষ্ট শাখার ম্যানেজারকে তিনি নির্দেশনা প্রদান করেন।

৪। এ ব্যাংকের কৃষিভবন শাখা, ঢাকা এর আমানতকারী গ্রাহক জনাব এনামুল হক সিকদার তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি বিএডিসি'র একজন প্রাক্তন কর্মকর্তা। তিনি শাখাটি চালু হওয়ার সময় থেকেই এ শাখার গ্রাহক। তিনি এ ব্যাংক-কে নিজের ব্যাংক মনে করেন এবং শাখার সকলের সার্ভিসে সন্তুষ্ট বলে জানান। তবে, শাখার জনবল বৃদ্ধি করা প্রয়োজন মর্মে তার মত প্রকাশ করেন। তিনি লেনদেনের সুবিধার্থে কাউন্টারে চাপ কমানোর জন্য শাখায় একটি এটিএম বুথ স্থাপনের অনুরোধ জানান।

৫। এ ব্যাংকের বায়তুল মোকাররম শাখা, ঢাকার গ্রাহক ও ডেইলী নিউজ এর সম্পাদক জনাব সেলিম আহমেদ তার বক্তব্যে উল্লেখ করেন যে, শাখার অন্যান্য সার্ভিসে তিনি সন্তুষ্ট কিন্তু এসএমই লোনের সময় যে সম্পদ (জমি) বন্ধক রেখেছেন তার সঠিক ও উপযুক্ত মূল্যায়ন করা হয়নি মর্মে উল্লেখ করেন। তাঁর ঋণ সিসি (হাইপো) মেয়াদোত্তীর্ণ হওয়ার পর সময়মত তাঁকে জানানো হয়নি মর্মে ক্ষোভ প্রকাশ করেন। ঋণটি মেয়াদ বৃদ্ধির প্রস্তাব শাখায় জমা দেওয়া আছে, প্রস্তাবটি যাচাই-বাছাইপূর্বক জরুরি ভিত্তিতে মেয়াদ বৃদ্ধি করে ঋণ হিসাবে লেনদেন করার ব্যবস্থা করে দেওয়ার জন্য শাখার ম্যানেজার এবং প্রিন্সিপাল অফিস প্রধানকে অনুরোধ জানান। এছাড়া, বন্ধকীকৃত সম্পত্তির বিষয়ে এডভোকেটের মতামত গ্রহণে যে ফি নির্ধারণ করা হয়, সে বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা থাকা আবশ্যক মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

পৃষ্ঠা - ২/৩

৬। এ ব্যাংকের বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম শাখা, ঢাকার ঋণগ্রহীতা প্রতিষ্ঠান জারিফা ইন্টারন্যাশনাল এর স্বত্বাধিকারী জনাব ফয়েজুল আলম বলেন, বর্তমানে ৮৫ লক্ষ টাকার সিসি (হাইপো) ঋণ মঞ্জুরি দেওয়া হয়েছে। এ ঋণটি ১ কোটি টাকায় বর্ধিতকরণের বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানান। স্টেডিয়াম মার্কেটে প্রতিদিন সন্ধ্যার পর তাদের প্রচুর নগদ টাকা জমা হয়, যা দোকানে রাখা বা নিয়ে যাওয়া তাদের জন্য ঝুঁকিপূর্ণ। তাই তিনি স্টেডিয়াম শাখার সান্ধ্যকালীন ব্যাংকিং চালু করার বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানান।

একই শাখার ঋণ গ্রহীতা গ্রাহক জনাব মোঃ শাহীন, শাহীন ইলেক্ট্রনিক্স এর প্রোপ্রাইটর তার অভিজ্ঞতা উল্লেখ করে বলেন যে, ২০০০ সাল হতে তিনি এ ব্যাংকের গ্রাহক। ২০০৫ সাল হতে ৩ লক্ষ টাকা ঋণ নিয়ে লেনদেন করছেন। তিনি ওয়ান স্টপ সার্ভিস এর প্রয়োজনীয়তা সম্পর্কে উল্লেখ করেন। কারেন্ট অ্যাকাউন্ট হোল্ডারদের ডেবিট কার্ড ইস্যু করার বিষয়টি বিবেচনা করার অনুরোধ জানান। ই-ওয়ালেট এর মাধ্যমে বিইএফটিএন (BEFTN) এ টাকা পাঠালে অনেক সময় টাকা জমা হতে বিলম্ব হয়। এ বিষয়টি দ্রুত করা যা কিনা এবিষয়টি দেখার জন্য অনুরোধ জানান। ঋণের সহায়ক জামানত এর মূল্যায়ন কম করা হয় মর্মে ক্ষোভ প্রকাশ করেন।

৭। সভার বিশেষ অতিথি জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সম্মানিত গ্রাহকদের শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সকল ধর্মেই শুদ্ধাচার রয়েছে। স্টেকহোল্ডার সভায় আজকের উদ্দেশ্য সফল হয়েছে। ব্যাংকের কিছু ঘাটতি যা এ সভায় চিহ্নিত করা হয়েছে, তা উত্তরণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি জানান। ভবিষ্যতের ব্যাংকিং হবে ক্যাশলেস । সেলক্ষ্যে বর্তমানে QR Code এ ব্যাংকে চালু করা হয়েছে। এর মাধ্যমে চেকবই ছাড়াই একজন গ্রাহক টাকা তুলতে পারছেন।

৮। প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন যে, রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক হিসেবে আমাদের কিছুটা সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়ে থাকে। তবে সময়ের পরিক্রমায় আমরা তা খুব দ্রুতই কাটিয়ে উঠছি। গ্রাহকদের অভিযোগ/সমস্যা আরও দ্রুত সমাধান করার জন্য ১৬৬৩৯ নম্বরে কল সেন্টার চালু করা হয়েছে। গ্রাহকদের সেবা সহজীকরণের জন্য সোনালী ই-ওয়ালেট (Sonali e-Wallet) মোবাইল অ্যাপের মাধ্যমে গ্রাহকগণ বিদেশ থেকে প্রবাসীগণ কর্তৃক লেনদেন করতে পারছেন। সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাব খোলা যাচ্ছে। পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পেমেন্ট পদ্ধতি সহজীকরণ করা হয়েছে। DDP Payment Systemঅটোমেশন করা হয়েছে। এতদব্যতীত, গ্রাহক সেবার মান উন্নয়ন, রপ্তানিকারকদের আকৃষ্টকরণ ও ব্যাংক ব্যবসার সার্বিক পরিধি বৃদ্ধিসহ সামগ্রিক ব্যাংকিং সেবা উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে ১৮টি শাখাকে মডেল শাখা হিসেবে ঘোষণা করা হয়েছে।

৯। এছাড়াও সভায় উপস্থিত নির্বাহীবৃন্দ নির্ধারিত আলোচনায় অংশগ্রহণ করে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি গ্রাহকদের ব্যবসায়িক সমৃদ্ধি ও ভবিষ্যতে ব্যাংকের পূর্ণ সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিরঞ্জন চন্দ্র দেবনাথ)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।






(Stakeholders)



# সোনালী ব্যাংক লিমিটেড

# SONALI BANK LIMITED

প্রিন্সিপাল অফিস, বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা।


সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা
তারিখঃ ২২ মার্চ, ২০২৩; রোজঃ বুধবার; বেলাঃ ০৪:০০ ঘটিকা।
স্থানঃ কনফারেন্স রুম, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা।

## ঃ হাজিরা শীট ঃ

| ক্রঃনং | নাম | পদবী | অনুস্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ | ডিএমডি-১ | 22.03.2023 |
| ০২. | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী | জিএম (এইচ আর) | |
| ০৩. | জনাব বীথি আক্তার | ডিজিএম (এইচ আর ডি ডি) | 22.03.23 |
| ০৪. | জনাব মোঃ ফজলুল হক | ডিজিএম, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা (সভাপতি, পিও কমিটি) | |
| ০৫. | জনাব এস. এম লুৎফর রহমান | এজিএম, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা (সদস্য সচিব, পিও কমিটি) | |
| ০৬. | জনাব ফারুক আহমেদ | এজিএম, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা (সদস্য সচিব, পিও কমিটি) | |
| ০৭. | জনাব তরুন কান্তি দত্ত | এজিএম, নগর ভবন শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান- ১, গ্রাহক- ১, ২) | |
| ০৮. | জনাব আবু জাফর মোঃ সালেহ | এজিএম, কৃষি ভবন শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান- ২, গ্রাহক- ৬) | |
| ০৯. | জনাব মোঃ এরশাদুল হক | এজিএম, রাজউক ভবন শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান- ৩, গ্রাহক- ৩) | |
| ১০. | জনাব মোঃ সিরাজুল ইসলাম ফকির | এসপিও, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান-৪, গ্রাহক- ৪, ৫) | |
| ১১. | বেগম মাহফুজা ফেরদৌস | এসপিও, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা (সদস্য, পিও কমিটি) | |
| ১২. | বেগম শারমীনা সুলতানা | পিও, পিও বঙ্গবন্ধু এভিনিউ (ঢাকা সেন্ট্রাল), ঢাকা (সদস্য, পিও কমিটি) | |
| ১৩. | Saiful Islam | PO, HRDD | |
| ১৪. | | | |
| ১৫. | গ্রাহক -১<br>জনাব শাহরিয়া কাওছার<br>মোবাইল নং- ০১৯১২১৪০৪৬৩ | ঋনগ্রহীতাঃ ঐশী ইন্টারন্যাশনাল<br>নগর ভবন শাখা | |
| ১৬. | গ্রাহক - ২<br>জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>মোবাইল নং- ০১৭১২৫৪১১৫৫ | ঋন গ্রহীতাঃ লিজা সুজ<br>নগর ভবন শাখা | |
| ১৭. | গ্রাহক - ৩<br>জনাব শাহ আলম সরকার<br>মোবাইল নং- ০১৭১১৭০৮৮০৬ | ঋন গ্রহীতাঃ সরকার ইঞ্জিনিয়ারিং<br>রাজউক ভবন শাখা | |
| ১৮. | গ্রাহক - ৪<br>জনাব ফয়েজুল আলম<br>মোবাইল নং- ০১৭২৬৩৪২৫৮১ | ঋন গ্রহীতাঃ জারিফা ইন্টারন্যাশনাল<br>বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম শাখা | ২২।০৩।২০২৩ |
| ১৯. | গ্রাহক - ৫<br>জনাব মোঃ শাহীন<br>মোবাইল নং- ০১৭১৫০৫০৮৫০ | ঋন গ্রহীতাঃ শাহীন ইলেক্ট্রনিক্স<br>বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম শাখা | 22/03/23 |
| ২০. | গ্রাহক - ৬<br>জনাব এনামুল হক সিকদার<br>মোবাইল নং- ০১৫১৬১১২৪৭৫ | আমানতকারী<br>কৃষি ভবন শাখা | |
| ২১. | [illegible]<br>01773-043081 | আমানতকারী<br>[illegible] | |


ফোন : ৯৫৫১১৬৯, ৯৫৮৬১৪৬, ৯৫৫৫৬৭১ (ডিজিএম), ফ্যাক্স : ৮৮-০২-৯৫৫১৬৩২
ই-মেইল : bbavenuepo@sonalibank.com.bd


C:\USERS\37553\DESKTOP\DEXTOP\ATTENDANCE SHEET DOC